# অতিরিক্ত রিসোর্স




অনলাইন টুল ও রিসোর্সে অ্যাক্সেস করতে এই কিউ আর কোডটি স্ক্যান করুন। এর মধ্যে ক্লিনিকাল ট্রায়ালের বিস্তারিত ও যোগ দেওয়ার উপায় রয়েছে।

# যোগাযোগ

07887492172

bartshealth.trialsbreastcarenurse@nhs.net

# স্বীকৃতি

ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, Roche এবং NHS রেস অ্যান্ড হেলথ অবজারভেটরি (NHSRHO) স্তন ক্যান্সারের ক্লিনিকাল ট্রায়ালে জাতিগত বৈষম্য মোকাবিলায় একসঙ্গে কাজ করছে। এই প্রকল্পের লক্ষ্য হলো জাতিগত সংখ্যালঘু রোগীদের প্রতিনিধিত্ব বৃদ্ধি করা, রোগী ধরে রাখা এবং তাদের উন্নত নিয়োগকে সহায়তা করার জন্য প্রমাণ তৈরি করা।

এই প্রকল্পটি বার্টস হেলথ NHS ট্রাস্টে পাইলট করা হচ্ছে। এই প্রকল্পের অর্থায়নে নতুন নিয়োগপ্রাপ্ত একটি ক্লিনিক্যাল পোস্টের সহায়তায় এই সাইটের স্তন ক্যান্সার রোগীদের সাথে উপকরণগুলি ভাগ করে নেওয়া হবে।

ক্যারিবিয়ান অ্যান্ড আফ্রিকান হেলথ নেটওয়ার্ক (CAHN), সাউথ এশিয়ান হেলথ অ্যাকশন (SAHA), এবং এগালিটি হেলথ-কে জানাই বিশেষ ধন্যবাদ, যারা কমিউনিটির সঙ্গে জীবনের অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের যুক্ত করার জন্য এবং সহায়ক উপকরণ তৈরির ক্ষেত্রে অমূল্য অবদান রেখেছে।

MACMILLAN CANCER SUPPORT | Roche | NHS RACE & HEALTH OBSERVATORY | NHS Barts Health NHS Trust

CAHN Caribbean & African Health Network | SOUTH ASIAN HEALTH ACTION For better health choices | egality diversity in research equality in health



# স্তন ক্যান্সারের ক্লিনিকাল ট্রায়ালে অংশগ্রহনের জন্য একজন রোগীর নির্দেশনা

যোগাযোগ:

07887492172

bartshealth.trialsbreastcarenurse@nhs.net

এই উপাদানটি ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, Roche প্রোডাক্টস লিমিটেড এবং NHS রেস অ্যান্ড হেলথ অবজারভেটরি-এর মধ্যে একটি সহযোগিতার অংশ হিসেবে তৈরি করা হয়েছে।

প্রস্তুতের তারিখ জুন ২০২৫ / M-GB-00022623

# বিষয়বস্তু

## স্তন ক্যান্সারে স্বাস্থ্য বৈষম্য

স্তন ক্যান্সার যুক্তরাজ্যের মধ্যে সবচেয়ে সাধারণ ক্যান্সার।[1] এটি আফ্রিকান, ক্যারিবিয়ান এবং দক্ষিণ এশীয় সম্প্রদায়ের মানুষের মধ্যেও অন্যতম প্রধান ক্যান্সার।

আফ্রিকান, ক্যারিবিয়ান, ও দক্ষিণ এশীয় মানুষদের মধ্যে সাধারণত স্তন ক্যান্সার তখন ধরা পড়ে যখন তা অনেক বেশি ছড়িয়ে যায়।[2] এছাড়াও, তাদের মধ্যে এমন ধরনের স্তন ক্যান্সার বেশি ধরা পড়ে, যা চিকিৎসা করা তুলনামূলকভাবে কঠিন:

- ইংল্যান্ডে কিছু ক্যান্সারের ক্ষেত্রে আফ্রিকান ও ক্যারিবীয় বংশোদ্ভূত মানুষের দেরীতে রোগ নির্ণয় হওয়ার সম্ভাবনা শ্বেতাঙ্গ ব্রিটিশদের তুলনায় দ্বিগুণ।[3]
- ভারতীয়, বাংলাদেশী ও পাকিস্তানী সহ দক্ষিণ এশীয় বংশোদ্ভূত ব্যক্তিদের মধ্যে স্তন ক্যান্সারের দেরিতে রোগ নির্ণয়ের ঝুঁকি বেশি।[4]
- শ্বেতাঙ্গ জনসংখ্যার তুলনায় আফ্রিকান, ক্যারিবিয়ান ও দক্ষিণ এশীয়দের মধ্যে স্তন ক্যান্সারের ঘটনা কম হলেও, তারা এমন স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার বেশি ঝুঁকিতে রয়েছেন যা চিকিৎসা করা আরও কঠিন।[4]

## ক্লিনিকাল ট্রায়ালের উপস্থাপনার অধীনে

স্বাস্থ্য গবেষণায় বিভিন্ন জাতিগোষ্ঠীর মানুষের অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। সবার স্বাস্থ্য চাহিদা আলাদা। বিভিন্ন জাতিগোষ্ঠী ভিন্নভাবে স্বাস্থ্য সমস্যার সম্মুখীন হতে পারে। তাদের শরীরও চিকিৎসায় ভিন্নভাবে সাড়া দিতে পারে। গবেষণায় জাতিগোষ্ঠীর বিস্তৃত পরিসর অন্তর্ভুক্ত করা আমাদের এই পার্থক্যগুলো আরও ভালোভাবে বুঝতে সাহায্য করতে পারে। এর মাধ্যমে আমরা এমন চিকিৎসা পদ্ধতি তৈরি করতে পারি যা সবার জন্য কার্যকর।

আমাদেরকেও এটা স্বীকার করে নিতে হবে যে ক্লিনিক্যাল ট্রায়ালে ঐতিহাসিকভাবে আফ্রিকান, ক্যারিবিয়ান এবং দক্ষিণ এশীয় বংশোদ্ভূত মানুষের প্রতিনিধিত্ব কম ছিল। যুক্তরাজ্যে আজও এমনটা হয়ে আসছে।[5] অতীতে, গুরুতর অবিচার হয়েছে এবং এই ধরনের কার্যকলাপের কারণে চিকিৎসা ব্যবস্থার প্রতি মানুষের বিশ্বাস ভেঙেছে ও ক্ষতি হয়েছে।[6] অতীতের এই ভুলগুলো মনে রাখা জরুরি, কারণ তা বর্তমানের স্বাস্থ্য গবেষণাকে নৈতিক, সম্মানজনক ও স্বচ্ছ করে তুলতে সাহায্য করে। প্রত্যেকেরই এর থেকে ন্যায্য উপকার পাওয়া উচিত।

ক্লিনিক্যাল ট্রায়ালে আরও বেশি আফ্রিকান, ক্যারিবিয়ান এবং দক্ষিণ এশীয় মানুষের অংশগ্রহণ প্রয়োজন।[7] এটি আমাদের সম্প্রদায়কে প্রভাবিত করে এমন উন্নত এবং আরও কঠিন-থেকে-চিকিৎসাযোগ্য ক্যান্সার সম্পর্কে আরও ভালোভাবে বুঝতে সাহায্য করবে। এটি জীবন রক্ষাকারী চিকিৎসা বিকাশেও সহায়তা করবে। এই বুকলেটটির লক্ষ্য হলো আফ্রিকান, ক্যারিবিয়ান এবং দক্ষিণ এশীয় মানুষদের ক্লিনিক্যাল ট্রায়ালে যোগদানের সিদ্ধান্ত নিতে সাহায্য করার জন্য আরও উন্নত তথ্য এবং সহায়তা প্রদান করা।

## একজন স্তন ক্যান্সারের রোগী হিসাবে আমি কী করতে পারি?

আপনি ক্লিনিক্যাল ট্রায়ালে অংশ নিতে পারেন। এর মাধ্যমে আপনি নতুন ওষুধ বা চিকিৎসা পদ্ধতি ব্যবহার করার সুযোগ পেতে পারেন, যা এখনো NHS-এ সাধারণ চিকিৎসা হিসেবে অন্তর্ভুক্ত হয়নি। স্তন ক্যান্সারের ট্রায়ালে অংশ নেওয়ার অর্থ হলো আপনার স্বাস্থ্যসেবা যাত্রায় সক্রিয় ভূমিকা পালন করা। এটি আপনাকে চিকিৎসার সিদ্ধান্ত এবং সামগ্রিক স্বাস্থ্য ব্যবস্থাপনার সাথে আরও বেশি জড়িত হতে উৎসাহিত করতে পারে।

## হেলথ সিস্টেম/ক্লিনিকাল ট্রায়াল আমার সম্পৃক্ততা থেকে কীভাবে লাভবান হয়?

ক্লিনিকাল ট্রায়ালে অংশ নিয়ে আপনি পারবেন:

- আমাদের সমাজে যে সকল অ্যাডভান্সড ও কঠিন ব্রেস্ট ক্যান্সার দেখা যায়, যেসব ক্যান্সার নিয়ে গবেষকদের গবেষণায় সহায়তা করবেন। এটি বিজ্ঞান ও স্বাস্থ্যসেবাকে আরও উন্নত করবে, এবং ভবিষ্যতে ব্রেস্ট ক্যান্সারে বেঁচে থাকার হার বৃদ্ধি করবে।
- আফ্রিকান, ক্যারিবিয়ান ও দক্ষিণ এশীয় সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করবেন। এটি আমাদের সম্প্রদায়ের জন্য নিরাপদ ও কার্যকরী চিকিৎসা পদ্ধতি তৈরিতে গুরুত্বপূর্ণ।



# আমি আমার জিপি, নার্স বা ডাক্তারকে কী জিজ্ঞাসা করতে পারি?

**আপনি যদি কোনো ক্লিনিক্যাল ট্রায়ালে অংশ নেওয়ার কথা ভেবে থাকেন, তাহলে আপনি এই প্রশ্নগুলো জিজ্ঞাসা করতে পারেন। এগুলো পড়ে দেখুন এবং আপনার ক্লিনিক্যাল নার্স স্পেশালিস্টের সাথে কথা বলার সময় এগুলোকে একটি নির্দেশিকা হিসেবে ব্যবহার করুন, যাতে আপনি একটি সুচিন্তিত সিদ্ধান্ত নিতে পারেন।**

## ট্রায়ালটি বোঁঝা

- [ ] আপনি কি আমাকে বলতে পারেন কেন এই ট্রায়ালটি করা হচ্ছে?
- [ ] ক্লিনিকাল ট্রায়ালে বিভিন্ন চিকিৎসা দলগুলি কী কী? কোন চিকিৎসা দলে আমাকে রাখা হবে, তা কি আমার পছন্দের ওপর নির্ভর করে?
- [ ] ট্রায়ালটি কি 'সিঙ্গেল আর্ম' (যেখানে প্রতিটি রোগী একই চিকিৎসা পায়)? নাকি এটি র‍্যান্ডোমাইজড (যেখানে রোগীদের বিভিন্ন চিকিৎসা দেওয়া হয় যা তুলনা করা হয়)?
- [ ] পরীক্ষার মাধ্যমে আপনি কী অর্জন করতে চাইছেন? এর কী প্রভাব পড়বে?

## চিকিৎসা ও ফলো আপ

- [ ] চিকিৎসাটি আমার কতদিন চলবে? এই ট্রায়ালটি কতদিন স্থায়ী হবে?
- [ ] চিকিৎসা শেষের পর কতদিন ও কত ঘন ঘন আমার ফলো-আপ অ্যাপয়েন্টমেন্ট থাকবে?'
- [ ] যদি আমি ট্রায়ালে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিই, তাহলে আমি কী চিকিৎসা পাব? অংশ নেওয়া বা না নেওয়া কি আমাকে বা আমার চিকিৎসাকে প্রভাবিত করবে?

## আপনার সম্পৃক্ততা

- [ ] যদি আমি অংশ নিই, তাহলে প্রতিদিন আমাকে কী করতে হবে?
- [ ] আমার কি অতিরিক্ত টেস্ট বা স্ক্যান করাতে হবে? হাসপাতালে বেশি সময় কাটাতে হবে?
- [ ] আমার খাবার, চলাচল, জীবনধারা ইত্যাদিতে কি কোনো নির্দিষ্ট পরিবর্তন আনতে হবে?
- [ ] আমি যখন ট্রায়ালে থাকব তখন কি এমন কিছু আছে যা আমি করতে পারব না? ট্রায়ালে থাকাকালীন কি আমাকে অতিরিক্ত কিছু করতে হবে?

## নিরাপত্তা ও গোপনীয়তা

- [ ] সম্ভাব্য পার্শ্বপ্রতিক্রিয়াগুলো কী কী? পার্শ্বপ্রতিক্রিয়া হলে কী হবে?
- [ ] আমার মেডিকেল রেকর্ড কারা দেখতে পাবে? আমার সম্পর্কে কী কী তথ্য সিস্টেমে সংরক্ষণ করা হবে?
- [ ] কারা নিশ্চিত করেন যে এই ট্রায়ালটি নিরাপদ এবং সঠিকভাবে পরিচালিত হচ্ছে?

## লজিস্টিকস

- [ ] টেস্ট ও চিকিৎসা কোথায় হবে?
- [ ] ট্রায়ালে অংশগ্রহণ করতে আমার কী কোন অতিরিক্ত খরচ হবে?
- [ ] প্রক্রিয়ার কোন পর্যায়ে আমাকে অংশগ্রহণের জন্য বলা হবে অথবা ট্রায়ালে আমার অংশগ্রহণ কখন নিশ্চিত করা হবে?

## সাপোর্ট ও যোগাযোগ

- [ ] জরুরী সময়ে কার সাথে যোগাযোগ করবো?
- [ ] ট্রায়াল প্রক্রিয়ায় আমার জিপি কি সম্পৃক্ত থাকবে?
- [ ] অংশ নিলে আমি ফলাফল কীভাবে পাব?

## নমনীয়তা ও বেরিয়ে যাওয়া

- [ ] আমি চাইলেই কি বেরিয়ে যেতে পারব?
- [ ] কোন পর্যায়ে ট্রায়াল থেকে বেরিয়ে যেতে পারব?



# FAQ

**ক্লিনিক্যাল ট্রায়ালে অংশ নিলে নতুন চিকিৎসার সুযোগ পাওয়া যায় এবং অন্তর্ভুক্তিমূলক গবেষণায় অবদান রাখা যায়। তবে, এতে কিছু ঝুঁকিও থাকে। এই বিভাগে ক্লিনিক্যাল ট্রায়ালে যোগ দেওয়া সম্পর্কে সাধারণ কিছু প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে। এখানে পার্শ্বপ্রতিক্রিয়া, ঝুঁকি ব্যবস্থাপনা, আপনার অধিকার এবং সম্ভাব্য খরচ সম্পর্কে আলোচনা করা হয়েছে। এই বিষয়গুলো বোঝা আপনাকে ট্রায়ালে যোগ দেওয়ার বিষয়ে একটি সঠিক সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারে।**

## এমন কিছু সনাক্ত ঝুঁকি কী কী যার সম্পর্কে আমার সচেতন হওয়া উচিত?

ক্লিনিকাল ট্রায়ালে অংশ নেওয়ায় কিছু ঝুঁকি থাকতে পারে, যেমন:

- প্রতিকূল পার্শ্ব প্রতিক্রিয়া, যা ব্যক্তিভেদে হালকা থেকে তীব্র হতে পারে।
- চিকিৎসাটি অন্যদের জন্য কার্যকর হলেও আপনার জন্য নাও হতে পারে।
- অতিরিক্ত টেস্ট ও ক্লিনিকে ভিজিট থাকতে পারে।
- নতুন চিকিৎসায় কিছু অনিশ্চয়তা থাকতে পারে, যেহেতু সেগুলো মূল্যায়ন করা হচ্ছে।

## ট্রায়ালের সময়ে ঝুঁকি কীভাবে মোকাবেলা করা হয়?

যেকোন ত্রুটি সামাল দেওয়ার জন্য ক্লিনিকাল ট্রায়ালের কিছু ব্যবস্থা থাকা উচিত। এর মধ্যে প্রাসঙ্গিক সংস্থাকে এ সংক্রান্ত ঘটনাগুলো সম্পর্কে জানানোও অন্তর্ভুক্ত। এটি নিশ্চিত করে যে এই ধরনের ঘটনা আর ঘটবে না। নিম্নলিখিত উপায়ে ঝুঁকিগুলো সতর্কতার সাথে সামলানো হয়:

- আপনার স্বাস্থ্যসেবা দলের দ্বারা নিবিড় পর্যবেক্ষণ, যাতে করে কোনো পার্শ্বপ্রতিক্রিয়া বা স্বাস্থ্যের পরিবর্তন হলে দ্রুত সমাধান করা যায়।
- কিছু হওয়ার আগে আপনার সম্মতি নেওয়া।

## ট্রায়ালে অংশ নেওয়া কি সামগ্রিক চিকিৎসাকে প্রভাবিত করে?

একটি ক্লিনিকাল ট্রায়ালে অংশগ্রহণ আপনার সামগ্রিক চিকিৎসার বিকল্পগুলিকে প্রভাবিত করবে না। যোগদানের আগে, আপনার বৃহত্তর চিকিৎসা পরিকল্পনার সাথে এই ট্রায়ালটি কীভাবে মানানসই হবে, তা আপনার স্বাস্থ্যসেবা দলের সাথে আলোচনা করুন। আপনি ট্রায়ালে অংশগ্রহণ করার সিদ্ধান্ত নিন বা না নিন, আপনি আপনার জন্য উপলব্ধ সেরা চিকিৎসাটিই পাবেন।

রোগীদের কোনো গবেষণায় অংশ নিতে বাধ্য করা হয় না। যদি আপনি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলেও আপনি এনএইচএস (NHS) থেকে আপনার জন্য উপলব্ধ সেরা চিকিৎসাটিই পাবেন।



## আমার চিকিৎসা কীভাবে মনিটর করা হবে?

ক্লিনিক্যাল ট্রায়ালে আপনার সুরক্ষা নিশ্চিত করতে প্রতিটি ধাপ সতর্কভাবে পরিকল্পনা ও পর্যবেক্ষণ করা হয়। ডেটা মনিটরিং কমিটি সুরক্ষা, ট্রায়ালের নকশা ও অগ্রগতি তত্ত্বাবধান করে। এথিকস কমিটি ট্রায়ালের অগ্রগতি ও যেকোনো অপ্রত্যাশিত পার্শ্বপ্রতিক্রিয়া পর্যালোচনা করে।


ক্যান্সারের ক্লিনিকাল ট্রায়ালে, গবেষণা দল নিয়মিত চিকিৎসা দলের সাথে কাজ করে এবং জিপিকে (GP) সবকিছু জানায়। আপনার স্বাস্থ্য ব্যবস্থাপনার জন্য আপনার নিয়মিত স্বাস্থ্যপরীক্ষা করা হবে, যেমন ব্লাড টেস্ট ও সিটিস্ক্যানের মতো পরীক্ষা।

## আমার কি কোন আর্থিক খরচ হবে?

অনেক ট্রায়ালে যাতায়াত ও থাকার খরচের মতো বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকে, তাই কী কী অন্তর্ভুক্ত আছে তা নিশ্চিত করা অপরিহার্য। আপনার যদি আর্থিক সমস্যা থাকে বা কাজের জন্য ছুটি নিতে হয়, তাহলে আপনার ক্লিনিক্যাল নার্স স্পেশালিস্ট সুবিধা ও সহায়তার বিকল্পগুলো সম্পর্কে পরামর্শ দিতে পারেন।

## চিকিৎসা চলাকালীন আমি কী কী সিদ্ধান্ত নিতে পারি? নেতিবাচক প্রভাব দেখা দিলে কি আমি ট্রায়াল থেকে বেরিয়ে আসতে পারি?

চিকিৎসা চলাকালীন আপনার সম্পূর্ণ নিয়ন্ত্রণ থাকবে। আপনি যেকোনো সময় ট্রায়ালে চালিয়ে যাওয়া বা তা থেকে বেরিয়ে আসার সিদ্ধান্ত নিতে পারেন, বিশেষ করে যদি আপনার কোনো উদ্বেগ থাকে বা নেতিবাচক প্রভাব অনুভব করেন। আপনার অংশগ্রহণ সম্পূর্ণ স্বেচ্ছাধীন। এই পুরো প্রক্রিয়া জুড়ে আপনার স্বাস্থ্য এবং সুস্থতাকেই অগ্রাধিকার দেওয়া হয়।



# সুখির গল্প

আমার নাম সুখী। আমার বয়স ৪০ এবং আমি পশ্চিম লন্ডনের বাসিন্দা। আমি দুইই সন্তানের একজন সিঙ্গেল মা, তাই আমার জন্য সময়টা বেশ কঠিন ছিল।

২০১৯ সালে আমার প্রাইমারি ব্রেস্ট ক্যানসার ধরা পড়ে। আমার স্তন প্রতিস্থাপন (ইমপ্লান্ট) সহ মাস্টেকটমি, কেমোথেরাপি এবং রেডিওথেরাপি হয়েছিল। এরপর আমি হরমোন থেরাপিতে ছিলাম। ২০২২ সালের মার্চ মাসে আমি 'সম্পূর্ণ সুস্থ' হয়েয় উঠি। কিন্তু দুর্ভাগ্যবশত, ২০২২ সালের আগস্টে আমার সেকেন্ডারি ব্রেস্ট ক্যানসারর ধরা পড়ে।

আমার মতো দেখতে কাউকে আমি ব্রেস্ট ক্যানসারে ভুগতে দেখিনি। আমাদের সমাজে কেউ এ নিয়ে কথা বলে না, তাই আমি খুব একা বোধ করতাম।




*"আমার মনে হয় একজন সেকেন্ডারি স্তন ক্যান্সারের রোগী হিসাবে, আমাদের হারানোর কিছু নেই।"*

আমার দ্বিতীয় ডায়াগনোসের পর এটি অনেক বেশ কঠিন ছিল। আমি জানতাম যে সীমিত চিকিৎসা আছে এবং এর ফল প্রায়শই খুব ভালো হয় না।

আমার নার্স আমাকে বলেছিলেন যে আমার জন্য কিছু ট্রায়াল উপলব্ধ থাকতে পারে। প্রথম দুটি ট্রায়ালে আমি সুযোগ পাইনি কারণ আমি যোগ্য ছিলাম না, কিন্তু সৌভাগ্যবশত, আমি একটি ট্রায়ালে সুযোগ পেয়েছি। এবং এটি কাজ করছে।

আমি বিজ্ঞান এবং নতুন জিনিস চেষ্টার পক্ষে। ক্লিনিক্যাল ট্রায়ালের ক্ষেত্রে, আমি মনে করি আপনার বেশি যত্ন নেওয়া হয়। সেখানে নিয়মিত স্ক্যান ও টেস্ট করা হয় এবং তারা নিশ্চিত করে যে আপনি সবসময় সুস্থ আছেন। আমার একজন নির্দিষ্ট যোগাযোগ ব্যক্তি আছে যার সাথে যেকোন সময় কথা বলতে পারি।

এটা সত্যি যে, তারা যে কাগজপত্র দেয় তা বোঝা খুব একটা সহজ নয়। আমার মনে হয় এতে অনেক বৈজ্ঞানিক পরিভাষা আছে, তবে আমার দল অসাধারণ।

আমার বোঝার বাইরে কিছু থাকলে তারা তা ব্যাখ্যা করতে ইচ্ছুক ছিল। তারা আমাকে বলেছিল যে চিকিৎসাটা কীভাবে কাজ করে এবং এর পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আমার প্রশ্নের উত্তর দিয়েছিল।

*আমার মনে হয়, মানুষের জন্য এই ধরনের সুযোগ থাকা গুরুত্বপূর্ণ। ভয় পাওয়ার কোনো প্রয়োজন নেই, কারণ এটি আপনার জীবনকে দীর্ঘায়িত করতে পারে।"*

# অঞ্জলি আপনাকে জানাতে চায়

হাই, আমি অঞ্জলি। আমি লন্ডনের বার্টস হেলথ-এর স্তন ক্যানসার বিষয়ক ক্লিনিকাল ট্রায়ালস-এর প্রধান প্রশিক্ষক (প্রধান ক্লিনিকাল ট্রায়াল প্রশিক্ষক)। স্তন ক্যান্সারের ক্লিনিকাল ট্রায়ালে থাকা সমস্ত রোগীদের তত্ত্বাবধান করা আমার কাজ। ক্যানসার চিকিৎসার এই কঠিন যাত্রায় আমিই তাদের প্রধান সহায়ক এবং যত্নকারী।

রোগী যদি কখনো মনে করেন যে তারা চালিয়ে যেতে চান না, আমরা তাদের মনে করিয়ে দিই যে তাদের সম্মতি সম্পূর্ণ ঐচ্ছিক।

তারা যেকোনো মুহূর্তে সরে দাঁড়াতে পারেন।
ক্যান্সার ও ক্লিনিকাল ট্রায়ালের প্রতিটি পর্যায়ে আপনার সিদ্ধান্তই চূড়ান্ত।

**"বিভিন্ন সম্প্রদায়ের রোগীদের ক্লিনিকাল ট্রায়ালে অংশ নেওয়ার সুযোগ দিলে আমরা আরও ভালো এবং আরও ব্যক্তিগতকৃত চিকিৎসা পদ্ধতি তৈরি করতে পারব।"**

ক্লিনিক্যাল ট্রায়ালের মাধ্যমে রোগীরা এমন কিছু চিকিৎসার সুযোগ পান, যা অন্যভাবে পাওয়া সম্ভব নয়। এর মাধ্যমে রোগীরা নিজেদের ক্যানসার চিকিৎসার ওপর নিয়ন্ত্রণ রাখতে পারেন।

ক্লিনিক্যাল ট্রায়ালের উদ্দেশ্য হলো নতুন ও কার্যকর চিকিৎসা খুঁজে বের করা। ক্যানসার ক্রমাগত পরিবর্তনশীল, তাই ক্যানসারের চিকিৎসার পদ্ধতিও তার সঙ্গে বিকশিত করা ক্লিনিক্যাল ট্রায়ালের প্রধান উদ্দেশ্য।

বিভিন্ন সম্প্রদায়ের রোগীদের এই ট্রায়ালে অন্তর্ভুক্ত করা জরুরি, কারণ সবার জন্য একটি পদ্ধতি কাজ করে না। বিভিন্ন সম্প্রদায়ের জন্য কোন চিকিৎসাগুলো ভালো কাজ করে, তা জানা অত্যন্ত গুরুত্বপূর্ণ।



আমরা আমাদের রোগীদেরকে আমাদের সাথে কথা বলতে এবং প্রশ্ন জিজ্ঞাসা করতে উৎসাহিত করি। রোগীরাই এখানে নিয়ন্ত্রক। আমরা এখানে রোগীদেরকে কিছু করার জন্য বলি না। আমরা এখানে তাদের পথ দেখাই এবং সিদ্ধান্ত নেওয়ার সুযোগ দিই।

# মার্টিনার গল্প

হ্যালো, আমার নাম মার্টিনা ওয়ার্নার। আমার বয়স ৪৯ বছর। আমি তিন সন্তানের মা এবং আমার সঙ্গীর সাথে থাকি।

২০১৯ সালে, আমার স্তন ক্যানসারের কোষ ধরা পড়ে। দুর্ভাগ্যবশত, এটি ছিল ট্রিপল নেগেটিভ ক্যানসার, যা সবচেয়ে খারাপ ক্যানসারের মধ্যে একটি।

আমি কেমোথেরাপি ও তারপর রেডিওথেরাপির মাধ্যমে আমার চিকিৎসা সম্পন্ন করেছিলাম। কিন্তু প্রায় ১৮ মাস পরে, আবার উপসর্গ দেখা দিতে শুরু করে এবং আমি জানতে পারি যে আমার ফুসফুস ও যকৃতে একটি টিউমার হয়েছে। আমার পরবর্তী চিকিৎসা ছিল ইন্ট্রাভেনাস কেমোথেরাপি। সেই সময়েই আমি সেকেন্ড ওপিনিয়ন নেওয়ার সিদ্ধান্ত নেই।

***"আমার মনে হয় আমি এটি না নিলে আমি এখানে থাকতাম না।"***

'ক্লিনিকাল ট্রায়ালে অংশ নেওয়ার আমি দৃঢ়ভাবে উৎসাহিত করব। আমি তার জীবন্ত প্রমাণ যে এই জিনিসগুলো কিছু সময়ের জন্য কাজ করে।"

ফেসবুকের একটি গ্রুপে আমার এক মহিলার সাথে পরিচয় হয়েছিল যিনি একটি ট্রায়াল ড্রাগ নিচ্ছিলেন। আমি এর আগে কখনো ট্রায়াল ড্রাগের কথা শুনিনি। আমি যখন আমার রোগ নির্ণয়ের কথা তাঁকে জানাই, তিনি বলেন যে বার্টস-এ কিছু ট্রায়াল চলছে। তখন আমি ট্রায়াল ড্রাগ নেওয়ার সিদ্ধান্ত নিই।

আমাকে মূল সত্য ও বাস্তবতা জানানো হয়েছিল। কিন্তু এটি এমন একটি ঝুঁকি যা আমি নিতে চেয়েছিলাম কারণ আমি আমার শেষপ্রান্তে ছিলাম।

অধ্যাপক আমাকে সঠিক তথ্য দিয়েছিলেন। তিনি আমার সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছিলেন। একজন ক্লিনিক্যাল নার্সের সাথে আমি এ বিষয়ে গবেষণা করি। তাঁরা বলেছিলেন যে ট্রায়াল ড্রাগগুলো সাধারণ কেমোথেরাপির ওষুধের চেয়ে আরও নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয়। তাই আমি নিরাপদ এবং আত্মবিশ্বাসী বোধ করেছিলাম।



আমি চাই আমাদের সম্প্রদায়ের আরও বেশি মানুষ যেন ট্রায়াল ড্রাগে অংশ নেয় এবং আমরা যাতে আরও বেশি করে উৎসাহিত হই।

# রেফারেন্স


1. ব্রেস্ট ক্যান্সার ইউকে। ঘটনা ও পরিসংখ্যান [ইন্টারনেট]। ২০২৪। এখানে উপলব্ধ: https://www.breastcanceruk.org.uk/about-breast-cancer/facts-figures-and-qas/facts-and-figures/ [সর্বশেষ দেখা হয়েছে ১৩/জুন/২০২৫]

2. ব্রেস্ট ক্যান্সার নাও। জাতিগত সম্প্রদায়ের মধ্যে স্তন ক্যান্সার [ইন্টারনেট]। ২০১৯। এখানে উপলব্ধ: https://breastcancernow.org/support-for-you/breast-cancer-in-ethnic-communities/ [সর্বশেষ দেখা হয়েছে ১৩/জুন/২০২৫]

3. মেরেডিথ এস. ক্যারিবিয়ান এবং আফ্রিকান মহিলাদের দেরিতে ক্যান্সার নির্ণয়ের সম্ভাবনা দ্বিগুণ [ইন্টারনেট]। মেডস্কেপ। ২০২৩। এখানে উপলব্ধ: https://www.medscape.co.uk/viewarticle/caribbean-and- african-women-twice-likely-get-late-stage-2023a10001pb [সর্বশেষ দেখা হয়েছে ১৩/জুন/২০২৫]

4. ব্রেস্ট ক্যান্সার ইউকে। স্তন ক্যান্সারের ঝুঁকি এবং জাতিগত পরিচয়: ব্যাখ্যা [ইন্টারনেট]। ২০২৩। এখানে উপলব্ধ: https://www.breastcanceruk.org.uk/breast-cancer-risk-and-ethnicity-explained/ [সর্বশেষ দেখা হয়েছে ১৩/জুন/২০২৫]

5. হুসেইন-গ্যাম্বলস এম, অ্যাটকিন কে, লিস বি। ক্লিনিক্যাল ট্রায়ালে জাতিগত সংখ্যালঘু গোষ্ঠীগুলোর কম প্রতিনিধিত্বের কারণ: সাহিত্য পর্যালোচনামূলক একটি গবেষণা। *Health and Social Care in the Community* / ২০০৪ সালের সেপ্টেম্বর; ১২(৫): ৩৮২–৮। [সর্বশেষ প্রবেশ: ১৩/জুন/২০২৫]

6. সিডিসি। টাস্কেগিতে চিকিৎসা না করা সিফিলিস অধ্যয়ন, সময়রেখা [ইন্টারনেট]। *The U.S. Public Health Service Untreated Syphilis Study at Tuskegee* / ২০২৪। এখানে পাওয়া যাবে: https://www.cdc.gov/tuskegee/about/timeline.html [সর্বশেষ প্রবেশ: ১৩/জুন/২০২৫]

7. ওয়েস্ট আর। ক্লিনিক্যাল ট্রায়ালে অংশগ্রহণে জাতিগত বৈষম্য দূরীকরণ: শিক্ষা ও উপযোগী যোগাযোগ ব্যবস্থা প্রয়োজন [ইন্টারনেট]। *Ipsos* / ২০২৪। এখানে পাওয়া যাবে: https://www.ipsos.com/en-uk/bridging- ethnicity-gap-clinical-trial-participation-education-and-tailored-communications-needed [সর্বশেষ প্রবেশ: ১৩/জুন/২০২৫]